দৈনিক ইত্তেফাক

2 FEB 2017
পৃ ...2... কলাম ...8...

# শিক্ষায় বৈষম্য দূর করতে আন্দোলনে যুক্ত হয়েছেন তরুণ নেতারা

■ ইত্তেফাক রিপোর্ট

তরুণ নেতারা দেশের শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূর করার আন্দোলনে যুক্ত হয়েছেন। বিশ্ব ব্যাংকের তথ্য অনুযায়ী দেশে পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে মাত্র ২৫ থেকে ৪৪ শতাংশের বাংলা, ইংরেজি ও গণিতে ভালো দখল আছে; বেসরকারি স্কুলের শিক্ষার মানের তুলনায় সরকারি স্কুলের শিক্ষার মান পড়ে গেছে। শিক্ষাক্ষেত্রে এই সংকট নিরসনে সমাজের সকল স্তরে প্রত্যয়ী নেতৃত্ব প্রয়োজন। এ প্রয়োজন মেটাতে 'টিচ ফর বাংলাদেশ' আন্দোলন কর্মসূচি একটি চমৎকার সমাধান এক্ষেত্রে এনে দিয়েছে

তারা শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূর করতে বুদ্ধিদীপ্ত যোগ্য তরুণদের মধ্যে নেতৃত্ব গুণ তৈরিতে কাজ করছে। যারা দুই বছরের পূর্ণকালীন শিক্ষকতার অঙ্গীকারের বাইরে আজীবন শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূর করতে কাজ করে যাবে।

'টিচ ফর বাংলাদেশ' এর ফেলোশিপ বা নেতৃত্ব উন্নয়ন কর্মসূচি বাংলাদেশের শীর্ষ ডিগ্রিধারী ও তরুণ পেশাজীবীদের ভাল শিক্ষাবঞ্চিত ক্লাসরুমগুলোতে পাঠায়। একইসঙ্গে একটি অ্যালামনাইয়ের মাধ্যমে শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূর করে আন্দোলনকে সফল করতে চায়। টিচ ফর বাংলাদেশ কার্যক্রম শুরুর পর তরুণ নেতৃত্ব এখন পর্যন্ত সাড়ে তিন হাজার শিক্ষার্থীকে পাঠদানসহ নানা ক্ষেত্রে সহায়তা করেছে। গতকাল বুধবার দ্বিতীয় অ্যালামনাই যাত্রা শুরু করেছে। গুলশানের গার্ডেনিয়া গ্রান্ড হলে এ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী, ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম ও টিচ ফর বাংলাদেশের সিইও মাইমুনা আহমেদ।